# 📖 মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩২৮৫

পর্ব-১৩: বিবাহ (كتاب النكاح)

পরিচ্ছেদঃ ১১. দ্বিতীয় অনুচ্ছেদ - খুল্‘ই (খুলা‘ তালাক) ও তালাক প্রসঙ্গে

## আরবী

وَعَنْ عَائِشَةَ قَالَتْ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: «لَا طَلَاقَ وَلَا عَتَاقَ فِي إِغْلَاقٍ» . رَوَاهُ أَبُو دَاوُدَ وَابْنُ مَاجَه قيل: معنى الإغلاق: الْإِكْرَاه

## বাংলা

৩২৮৫-[১২] ’আয়িশাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি যে, জোর-জবরদস্তিমূলক তালাক ও (ক্রীতদাস বা দাসী) মুক্তি হয় না। (আবূ দাঊদ, ইবনু মাজাহ)[1]

## ফুটনোট

[1] হাসান : আবূ দাঊদ ২১৯৩, ইবনু মাজাহ ২০৪৬, নাসায়ী ২০৪৪, আহমাদ ২৬৩৬০, ইরওয়া ২০৪৭, সহীহ আল জামি‘ ৭৫২৫।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: اغْلَاقٍ এর অর্থ إِكْرَاهُ বাধ্য করা, জবরদস্তি করা, কাউকে কোনো কাজে বাধ্য করা। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর বাণীঃ জবরদস্তি করে কাউকে তালাক প্রদানে বাধ্য করলে সে তালাক কার্যকর হয় না। কেননা এ সময় ব্যক্তির স্বাধীনতা থাকে না। অত্র হাদীসের ভিত্তিতে ইমাম শাফি‘ঈ, মালিক, আহমাদ প্রমুখ ইমাম এই মতই পোষণ করেছেন। পক্ষান্তরে ইমাম আবূ হানীফাহ্ (রহঃ) ঠাট্টাচ্ছলে বিয়ে করলে অথবা তালাক দিলে বিয়ে ও তালাক কার্যকর হওয়ার উপর ক্বিয়াস করে জবরদস্তি করে তালাক প্রদান করলে তালাকও কার্যকর হবে বলে মন্তব্য করেছেন। কিন্তু এ ক্বিয়াসের চেয়ে হাদীসের উপর ‘আমলই উত্তম ও নিরাপদ। (শারহে বিকায়ার হাওলায় মিরকাতুল মাফাতীহ)

‘উসমান (রাঃ) বলেনঃ পাগল ও নেশাগ্রস্ত ব্যক্তির তালাক বৈধ নয়। সাহাবী ‘উকবাহ্ ইবনু ‘আমির (রাঃ) বলেন, মাতাল ও জবরদস্তিমূলক তালাক অবৈধ। পক্ষান্তরে ইমাম আবূ হানীফাহ্ (রহঃ) ঠাট্টাচ্ছলে তালাক দিলেও তা কার্যকর হবে, এ কথার উপর ক্বিয়াস করে বলেন, জবরদস্তিমূলক তালাক কার্যকর হবে। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=68612

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন